দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 3

99

# শিক্ষাঙ্গন

## সাভার উপজেলার শিক্ষা ব্যবস্থা

সাভার ঢাকার অতি নিকটবর্তী একটি গুরুত্বপূর্ণ উপজেলা হওয়া সত্ত্বেও শিক্ষা ব্যবস্থার দিক দিয়ে এখনো পশ্চাদপদ। অবিশ্বাস্য হলেও সত্য যে, এই উপজেলায় কোন সরকারী উচ্চ বিদ্যালয় বা সরকারী কলেজ নেই। একটি কলেজকে সরকারীকরণে প্রাথমিকভাবে যেসব শর্ত পূরণ করা আবশ্যক, তার সবই সাভার কলেজে রয়েছে। অথচ সাভার কলেজকে সরকারীকরণের দাবী আজো পূরণ হচ্ছে না। তুলনামূলকভাবে সাভার উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অত্যন্ত কম। যার দরুন উপজেলার শিক্ষা ব্যবস্থা আশানুরূপ নয়।

এছাড়া সাভারের ঐতিহ্যবাহী অধরচন্দ্র উচ্চ বিদ্যালয় সাভারের উপকণ্ঠে একটি প্রাচীনতম এবং সুবৃহৎ উচ্চ বিদ্যালয়। বিদ্যালয়ের সংখ্যা কম হওয়ায় অধরচন্দ্র উচ্চ বিদ্যালয়টিতে ছাত্র সংখ্যা অত্যধিক। বিদ্যালয়টিতে ছাত্র সংখ্যা অধিক হওয়ায় লেখাপড়ার মান তেমন ভালো হচ্ছে না। যদিও লেখাপড়ার মান আরও উন্নত হওয়া বাঞ্ছনীয়। সাভারে কোন উচ্চ বিদ্যালয়কে সরকারীকরণ করতে হলে একমাত্র ঐতিহ্যবাহী অধরচন্দ্র উচ্চ বিদ্যালয়টিকেই অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রয়োজনীয় আর্থিক সহায়তার অভাবে বিদ্যালয়টির সার্বিক মেরামত কাজ ব্যাহত হচ্ছে। অথচ প্রাচীনতম এই বিদ্যালয়টি অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। বিদ্যালয়টিতে প্রচুর ছাত্র সমাগম হেতু কোন কোন শ্রেণীতে তিন থেকে চারটি শাখা রয়েছে। বিদ্যালয়টিতে ছাত্রদের জন্য আবাসিক হোস্টেল এবং খেলাধুলা ও ক্রীড়ানুষ্ঠানের জন্য সুন্দর মাঠ রয়েছে। বালিকা বিদ্যালয়ে প্রায় বারো শতাধিক ছাত্রী অধ্যয়ন করে থাকে। উক্ত বিদ্যালয়টিতে শিক্ষার মান অত্যন্ত নিম্নমানেরই বলা চলে। ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়নে শিক্ষয়িত্রীদের যথেষ্ট প্রচেষ্টা থাকা সত্ত্বেও পরীক্ষার ফলাফল আশানুরূপ হয়ে উঠে না। এমতাবস্থায় অভিভাবক মহলের ধারণা, এই বালিকা বিদ্যালয়টিকে সরকারীকরণের মাধ্যমে এর সার্বিক উন্নয়ন এবং লেখাপড়ার মান উন্নত করা উচিত। কারণ এটি মাত্র বালিকা বিদ্যালয় থাকার দরুন ছাত্রী ভর্তির সমস্যা দেখা দেয়।

—আনোয়ার হোসেন পিন্টু,
গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০